# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট    পূর্ণমান— ৭০

**ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল**    বিষয় কোড : | ১ | ৫ | ২ |

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ক-বিভাগ: ফিন্যান্স

**১.▶** জাফর চাকরি না পেয়ে একটি গরুর খামার স্থাপনের চিন্তাভাবনা করছে। সে অনেকগুলো অপ্রাতিষ্ঠানিক উৎস যারা স্বল্পমেয়াদি অর্থের ব্যবস্থা করে দেয় সেগুলোর খোঁজখবর নেয়। গ্রামের এক মহাজানের নিকট থেকে ঋণ নিয়ে খামার ব্যবস্থা শুরু করে।

ক. জনকল্যাণ কোন অর্থায়নের মূল উদ্দেশ্য? ১

খ. ঋণপত্র কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জাফর যে পদ্ধতিতে ঋণ নিয়ে খামার ব্যবসায় শুরু করেছে তা বর্ণনা করো। ৩

ঘ. জাফর অর্থায়নের আর কী কী উৎস থেকে ঋণ গ্রহণ করতে পারতো? বিশ্লেষণ করো। ৪

**২.▶** জনাব মাহমুদ একটি অংশীদারি ব্যবসায় পরিচালনা করেন। ব্যবসায়ের ক্ষেত্রে নগদ অর্থ ও মুনাফার মধ্যে বিপরীত সম্পর্কে তিনি সচেতন। এছাড়াও চলতি মূলধনের ওপর তিনি বেশি গুরুত্ব দেন এবং মূলধনের ব্যবস্থাপনা ছাড়াও অর্থায়নের সকল নীতি অনুসরণ করার চেষ্টা করেন।

ক. অর্থায়ন কী? ১

খ. সরকারি অর্থায়ন বলতে কী বোঝ? ২

গ. জনাব মাহমুদের নগদ অর্থ ও মুনাফার ধরনের নীতি অন্তর্গত বর্ণনা করো। ৩

ঘ. জনাব মাহমুদ কেন চলতি মূলধনের ওপর গুরুত্ব দেন বর্ণনা করো। ৪

**৩.▶** করিম সাহেবের ১০ লক্ষ টাকা ১০% হার সুদে ১০ বছরের জন্য ঢাকা ব্যাংকে জমা রাখতে চান। কিন্তু তার বন্ধু তাকে শহরে জমি কেনার পরামর্শ দেন। যেখানে ৮ বছরের মধ্যে জমির মূল্য দ্বিগুণ হওয়ার সম্ভাবনা আছে এবং অতিরিক্ত ২ লক্ষ টাকা আয়ের নিশ্চয়তা আছে।

ক. ব্যবসায়ের প্রতিটি সিদ্ধান্তের সাথে অর্থের কোন বিষয়টি জড়িত থাকে। ১

খ. অর্থের বর্তমানমূল্য ও ভবিষ্যৎ মূল্যেরে পার্থক্যকারী উপাদানটি ব্যাখ্যা করো। ২

গ. ঢাকা ব্যাংকের শর্তানুযায়ী জনাব করিমের অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করো। ৩

ঘ. বিনিয়োগের জন্য জনাব করিমের কোন ক্ষেত্রটি বাছাই করা উচিত বলে মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪.▶ মি. হোসেন একটি প্রকল্প গ্রহণ করেছেন। প্রকল্পটির প্রাথমিক খরচ ৫০,০০০ টাকা এবং অবশিষ্ট মূল্য ১০,০০০ টাকা। অবচয় ও কার প্রদানের পূর্বে উক্ত প্রকল্প হতে প্রথম থেকে পঞ্চম বছর পযন্ত যথাক্রমে ১০,০০০ টাকা, ১২,০০০ টাকা, ১৪,০০০ টাকা, ১৬,০০০ টাকা এবং ২০,০০০ টাকা পাওয়া যাবে। করের হার ৫০% সরলরৈখিক পদ্ধতিতে মি. হোসেন অবচয় ধার্য করেন।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পে-ব্যাক পদ্ধতির সীমাবদ্ধতা ব্যাখ্যা করো? ২

গ. মি. হোসেনের প্রকল্পের গড় মুনাফার হার কত? ৩

ঘ. উক্ত প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৪

৫.▶ একটি কোম্পানি ১,০০০ লিখিত মূল্যের ১০ শতাংশ অগ্রাধিকার শেয়ার বাজারে বিক্রির চিন্তা করছে। প্রতিটি শেয়ার বিক্রি থেকে কোম্পানি ৯১০ টাকা পাওয়ার প্রত্যাশা করে।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. মূলধন ব্যয় নির্ণয়ের দুটি সমস্যা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে কোম্পানিটির অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. একটি প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনায় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মূলধন ব্যয়ের তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

৬.▶ রায়হান ও রাহীর দুই ভাই দু'জনই শেয়ার বিনিয়োগ করতে চান। তাই তারা বিভিন্ন কোম্পানির বিভিন্ন তথ্য বিশ্লেষণ করেছেন। রায়হান ঝুঁকি নিয়ে হলেও বেশি মুনাফার প্রতি আগ্রহ দেখান এবং সব সময় গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে অংশ নিতে চান অপরদিকে রাহীর কম ঝুঁকি ও নিশ্চিত আয় পছন্দ করেন।

ক. ডিবেঞ্চার মালিকরা কাদের সমান মর্যাদা ভোগ করে? ১

খ. কোন ধরনের লভ্যাংশ প্রদান করলে কোম্পানির শেয়ারের সংখ্যা বৃদ্ধি পাবে? ব্যাখ্যা করো। ২

গ. রায়হান ও রাহীরের ক্ষেত্রে কার কোথায় বিনিয়োগ করা উচিত? ৩

ঘ. রায়হান ও রাহীর কোন কোন তথ্য বিশ্লেষণ করা দরকার? যুক্তি দেখাও। ৪

## খ বিভাগ : ব্যাংকিং

৭.▶ স্কুল শিক্ষক তালেব সাহেব তার আয়ের সঞ্চিত অর্থ ব্যাংক জমা রাখেন। তিনি নিশ্চিত যে, এই অর্থ যেকোনো সময় যেকোনো প্রয়োজন কাজে লাগাতে পারবেন। তাছাড়া এই অর্থের বিপরীতে তিনি ব্যাংক থেকে ঋণও নিতে পারবেন।

ক. মুদ্রা কী? ১

খ. মুদ্রাকে ব্যাংক ব্যবসায়ের জননী বলা হয় কেন? ২

গ. মক্কেলদের জন্য ব্যাংক কী কী ব্যাংকিং কার্যাবলি সম্পাদন করে উদ্দীপকের আলোকে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. অর্থ মূল্যের পরিমাপক ও সঞ্চয়ের বাহন— ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

৮.▶ জনাব মোবারক একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি প্রতিনিয়ত ব্যাংকের সাথে লেনদেন করেন। তাই ব্যাংকিং সম্পর্কে তার ধারণাও বৃদ্ধি পায়। তিনি জানেন যে, আধুনিক ব্যাংক ব্যবস্থার উন্নয়নে ব্যবসায়ী সম্প্রদায়ের বিশেষ অবদান রয়েছে।

ক. বাংলাদেশের প্রধান ব্যাংক কোনটি? ১

খ. ব্যাংকের তারল্য নীতি ব্যাখ্যা করো। ২

গ. ব্যাংক ও ব্যাংকিং কী একই? যদি না তাহলে কেন? ৩

ঘ. 'ব্যাংক ব্যবস্থার উন্নয়নে ব্যবসায়ী গোষ্ঠীর অবদান অপরিসীম'— বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৯.▶ জনাব জামাল, ফেনীর একজন ব্যবসায়ী। 'গ্রীন ব্যাংক' এ তার একটি হিসাব রয়েছে যা থেকে তিনি যতবার ইচ্ছা টাকা তুলতে পারেন। তিনি একবার খুলনায় বেড়াতে যান। সেখানে সস্তায় ব্যবসায়িক পণ্য পান। ঐ ব্যাংকের কল্যাণে তিনি তা সময়মত কিনতে সমর্থ হন। বাংলাদেশের যেকোনো জেলায় তাদের শাখা রয়েছে। তবে কোন কার্ডের ব্যবস্থা নেই।

ক. ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১

খ. ব্যাংকে বিভিন্ন প্রকার হিসাব খোলার ব্যবস্থা রাখা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. গ্রীন ব্যাংকে জনাব জামাল-এর কোন ধরনের হিসাব রয়েছে? ব্যাখ্যা করো ৩

ঘ. 'ব্যাংকের একটি সেবা জামালের মতো ব্যবসায়ীদের কাজকে সহজ করে দেয়— ব্যাখ্যা করো। ৪

১০.▶ দেশের ব্যাংক ব্যবস্থা এবং মুদ্রা বাজার গঠন ও পরিচালনার মাধ্যমে অর্থনৈতিক শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যেই মূলত কেন্দ্রীয় ব্যাংকের উদ্ভব। তাছাড়া কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোর অভ্যন্তরীণ লেনদেন সম্পন্ন করে এবং নোট ইস্যুর একচেটিয়া অধিকার ভোগ করে।

ক. ঋণ নিয়ন্ত্রণ কী? ১

খ. নিকাশ ঘর কী? ব্যাখ্যা করো। ২

গ. 'কেন্দ্রীয় ব্যাংক নোট ইস্যুর একচেটিয়া অধিকার ভোগ করে'— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে অর্থনৈতিক উন্নয়ন ও শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলি ব্যাখ্যা করো। ৪

১১.▶ মানিক ও মনির একটি অংশীদারি ব্যবসায় শুরু করেছে। মনির নিকটস্থ সমিতিতে উদ্বৃত্ত অর্থ জমা রাখে। অন্যদিকে মানিক ব্যাংক হিসাব খুলে টাকা লেনদেন করে। হঠাৎ ব্যবসায়ের প্রয়োজনে মানিক ব্যাংক থেকে প্রয়োজনীয় অর্থ তুলে আনলেও মনির বহু চেষ্টা করেও সমিতি থেকে অর্থ তুলতে পারিনি।

ক. ব্যাংকিং ব্যবসায়ে লিপ্ত ব্যক্তিকে কী বলে? ১

খ. হুকুম চেক কী তা ব্যাখ্যা করো। ২

গ. মানিক তাৎক্ষণিক টাকা তুলতে পারার কারণগুলো বর্ণনা করো। ৩

ঘ. মানিক ও মনিরের দুটি প্রতিষ্ঠানের মধ্যে কোনটিতে টাকা রাখাকে তুমি অধিক যুক্তিযুক্ত বলে মনে করো। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট    পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বাংলাদেশ কোন পণ্য রপ্তানি করে?**
ক খাদ্য সামগ্রী  খ কাঁচামাল
গ তৈরী পোশাক  ঘ মেশিনারিজ

**২. যুক্তরাষ্ট্রকে কীসের চরণভূমি বলা হয়?**
ক অর্থনীতির  খ অর্থায়নের
গ ব্যবসায়ের  ঘ বিপননের

**৩. তারল্য ঘাটতি হওয়ার কারণ—**
i. বেশি বিনিয়োগ
ii. কম বিনিয়োগ
iii. বেশি উৎপাদন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**৪. নিচের কোনটির সাথে কোম্পানির সুনাম জড়িত?**
ক ঋণের সুদ প্রদান  খ বন্ড ক্রয়
গ ব্যবসায় সম্প্রসারণ  ঘ লভ্যাংশ প্রদান

**৫. মেয়াদের ভিত্তিতে বহিঃস্থ তহবিল কত প্রকার?**
ক ২  খ ৩
গ ৪  ঘ ৫

**৬. অর্থায়ন বলতে কি বোঝায়—**
i. বিভিন্ন উৎস অর্থ সংগ্রহ
ii. সংগৃহীত অর্থ ব্যবস্থাপনা
iii. উপযুক্ত খাতে প্রয়োজন মতো ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**৭. অর্থসংস্থানের স্বল্প মেয়াদি উৎসের মেয়াদকাল কত?**
ক ১ বছর  খ ২ বছর
গ ৬ মাস  ঘ ১ বছরের কম

**৮. পণ্য ক্রেতার দৃষ্টিতে বিনিময় বিলকে কি বলে?**
ক প্রাপ্য বিল  খ প্রদেয় বিল
গ অঙ্গীকারপত্র  ঘ প্রত্যয়পত্র

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
৫ বছর পর ৫০,০০০ টাকা পাওয়ার আশায় তুমি বর্তমানে কিছু টাকা জমিয়ে ব্যাংকে রাখতে চাও। একটি ব্যাংক ক তোমাকে বার্ষিক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং আরেকটি ব্যাংক খ তোমাকে ৯.৫% হারে মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে।

**৯. ৫ বছর পর 'ক' ব্যাংক এর কাছ থেকে ৫০,০০০ টাকা পাওয়ার জন্য বর্তমানে কত টাকা জমা দিতে হবে?**
ক ২০,০০০  খ ৫,০০০
গ ৩১,০৪৬  ঘ ১৫,০০০

**১০. ব্যাংক দুটির ক্ষেত্র**
i. n = ৫
ii. FV = ৫০,০০০
iii. m = ২
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১১. সুদাসলকে সুদের হার দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?**
ক সুদ  খ ভবিষ্যৎ মূল্য
গ বর্তমান মূল্য  ঘ মেয়াদ

**১২. ব্যবসায়ের প্রতিটি সিদ্ধান্তের সাথে জড়িত অর্থের**
i. আন্তঃপ্রবাহ  ii. বহিঃপ্রবাহ
iii. নগদ প্রবাহ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১৩. ঝুঁকির অন্যতম ধারণা কোনটি?**
ক অর্থের স্বল্পতা
খ আয়ের উত্থান-পতন
গ বিনিয়োগের পরিবেশ না থাকা
ঘ স্বল্প আয়

**১৪. বহিস্থ উৎস থেকে অর্থায়নের ফলে সৃষ্টি হয় কোন ঝুঁকি?**
ক আর্থিক ঝুঁকি  খ ব্যবসায়িক ঝুঁকি
গ সুদের হার ঝুঁকি  ঘ তারল্য ঝুঁকি

**১৫. প্রত্যাশিত আয়ও ও বাস্তব আয় সব সময় সমান হওয়াকে কী বলে?**
ক ঝুঁকি বহির্ভূত আয়  খ ঝুঁকি মুক্ত আয়
গ ঝুঁকিযুক্ত আয়  ঘ আর্থিক ঝুঁকি

Teachingbd.com
http://teachingbd.com

১৬. ঝুঁকি প্রভাব ফেলে—
i. সিদ্ধান্ত গ্রহণে ii. প্রকল্প বাস্তবায়নে
iii. প্রত্যাশিত মুনাফা অর্জনে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

১৭. আদর্শ বিচ্যুতিকে কী পদ্ধতি বলা হয়?
ⓚ জ্যামিতিক ⓦ পরিসংখ্যানিক
ⓖ ভৌগোলিক ⓓ ত্রিকোণমিতিক

১৮. নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে কী পাওয়া যায়?
ⓚ নগদ টাকা ⓦ নগদ বহিঃপ্রবাহ
ⓖ নগদ অন্তঃপ্রবাহ ⓓ মোট মুনাফা

১৯. মূলধন বাজেটিং সঠিক না হলে—
i. অপূরণযোগ্য ক্ষতি
ii. বিনিয়োগ প্রকল্পে লাভ হবে না
iii. কোম্পানি ধ্বংস হয়ে যেতে পারে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

২০. কোম্পানি কোনটির উপর সুদ বা লভ্যাংশ দিতে বাধ্য থাকে না?
ⓚ অগ্রাধিকার শেয়ার মূলধন
ⓦ সাধারণ শেয়ার মূলধন
ⓖ ব্যাংক ঋণ
ⓓ ঋণপত্র

২১. মূলধন খরচ নির্ণয় প্রয়োজন—
i. দীর্ঘ মেয়াদি সিদ্ধান্ত গ্রহণে
ii. বিনিয়োগ সুযোগ মূল্যায়নে
iii. উত্তম বিনিয়োগ প্রকল্প নির্বাচনে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
পদ্মা গ্রুপ থেকে মি. জাহেদের ১০ টাকা মূল্যের ৪,৮০০ শেয়ার ক্রয় করেন। তিনি নির্দিষ্ট হারে আয় প্রত্যাশা করেন। তিনি কোম্পানি থেকে শেয়ার ক্রয়ের ফলে কোন রকম মালিকানা পাননি।

২২. মি. জাহেদের শেয়ারটি কী ধরনের শেয়ার?
ⓚ সা: শেয়ার
ⓦ অগ্রাধিকার শেয়ার
ⓖ বন্ড
ⓓ ডিবেঞ্চার

২৩. মি. জাহেদ চাইলে তার শেয়ারটি অন্য কোন শেয়ারে রূপান্তর করতে পারবেন?
ⓚ সা: শেয়ার ⓦ অগ্রাধিকার শেয়ার
ⓖ বন্ড ⓓ ডিবেঞ্চার

২৪. চেইন ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী?
ⓚ সুনাম বৃদ্ধি
ⓦ ব্যয় হ্রাস
ⓖ গোপনীয়তা রক্ষা
ⓓ পারস্পরিক উন্নতি সাধন

২৫. সুদ পাওয়া যায় এরূপ আমনত হলো—
i. চলতি আমানত
ii. সঞ্চয়ী আমানত
iii. মেয়াদি আমানত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

২৬. কোন ব্যাংক সরকারের কোষাগার হিসেবে কাজ করে?
ⓚ কেন্দ্রীয় ব্যাংক ⓦ সোনালী ব্যাংক
ⓖ শিল্প ব্যাংক ⓓ রূপালি ব্যাংক

২৭. ঋণদানের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংক?
ⓚ সমবায় ব্যাংক ⓦ শিল্প ব্যাংক
ⓖ বাণিজ্যিক ব্যাংক ⓓ কেন্দ্রীয় ব্যাংক

২৮. এল.সি খোলার জন্য কোন ব্যাংকের অনুমতি নিতে হয়?
ⓚ বাণিজ্যিক ব্যাংক ⓦ শিল্প ব্যাংক
ⓖ কেন্দ্রীয় ব্যাংক ⓓ মার্চেন্ট ব্যাংক

২৯. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী?
ⓚ প্রচুর অর্থ
ⓦ অধিক বিনেয়োগ
ⓖ ব্যাংক ও গ্রাহকের অবস্থা
ⓓ দক্ষ লোকবল

৩০. ব্যাংক তার গ্রাহকের প্রাপ্য সুদ কীভাবে হিসেবে জমা রাখা?
ⓚ চেকের মাধ্যমে
ⓦ জমা রশিদের মাধ্যমে
ⓖ স্বয়ংক্রিয়ভাবে
ⓓ গ্রাহককে খবর দিয়ে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com